

## ‘এমপিও ছাড়া ফিরবো না’

অনশনের তৃতীয় দিন

### ■ ইত্তেফাক রিপোর্ট

শীকুতিপ্রাপ্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত করার দাবিতে গতকাল রবিবার তৃতীয় দিনের মতো অনশন কর্মসূচি পালন করেছেন শিক্ষকরা। দাবি আদায় না হওয়া পর্যন্ত তাদের এ কর্মসূচি চলবে বলে সংগঠনের পক্ষ থেকে জানানো হয়েছে। গত শুক্রবার থেকে এ অনশন শুরু করেন শিক্ষকরা। গত তিনদিনে আন্দোলনকারী ১৬ জন শিক্ষক অসুস্থ হয়ে পড়েছেন। সারা দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ১ লাখ ২০ হাজার শিক্ষক-কর্মচারীকে এমপিও’র আওতায় আনার দাবি জানিয়ে ফেডারেশনের সভাপতি এয়ারত আলী বলেন, বর্তমান সরকার ২৬ হাজার প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ করে কয়েক লাখ শিক্ষকের ভাগ্য উন্নয়ন করে

দিয়েছে। দশম শ্রেণি পর্যন্ত নতুন বই এবং স্নাতক পর্যন্ত উপবৃত্তি দেয়া হচ্ছে। অথচ প্রায় আট হাজার শিক্ষাপ্রতিষ্ঠানের সোয়া লক্ষাধিক মন-এমপিও শিক্ষক প্রায় ২০ লাখ শিক্ষার্থীদের পাঠদান দিচ্ছেন। তাদের এমপিওভুক্ত করা হচ্ছে না।

শিক্ষকরা জানান, মানুষ গড়ার কারিগর শিক্ষকদের অতুল রেখে ডিজিটাল বাংলাদেশ হবে না। তারা প্রধানমন্ত্রীর কাছে সব শীকুতিপ্রাপ্ত বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করার আবেদন জানান। তারা বলেন, এর আগেও ২০১৩ সালের জানুয়ারি মাসে এমপিওভুক্তির দাবিতে আমরা আন্দোলনে নেমেছিলাম। তখন সরকারের আশ্বাসে বাড়ি ফিরে গিয়েছি। কিন্তু এবার আমাদের দেয়ালে পিঠ ঠেকে গেছে। এমপিও ছাড়া আর বাড়ি ফিরে যাবো না।